

**উচ্চ মাধ্যমিক
পরীক্ষার
ফল
৯ আগস্ট**

স্টাফ রিপোর্টার । আগামী ৯ আগস্ট প্রকাশ হচ্ছে দেশের ১০ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল। তবে প্রধানমন্ত্রী সময় দিলে একদিন আগে ৮ আগস্টও ফল প্রকাশ হতে পারে। জানা গেছে, ৮ অথবা ৯ আগস্টের যে কোন একদিন ফল প্রকাশের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে 'সময়' চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা বোর্ডগুলোও সার্বিক প্রস্তুতির কথা জানিয়ে এ দুই দিনের যে কোন একদিন ফল প্রকাশের জন্য মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে। তবে ৮ আগস্ট প্রধানমন্ত্রীর পূর্বনির্ধারিত কর্মসূচী থাকায় ৯ আগস্টকে (২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

উচ্চ মাধ্যমিক
(প্রথম পৃষ্ঠার পর)

সামনে রেখেই ফল প্রকাশের প্রস্তুতি চলছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, সোমবার সন্ধ্যায় জনকণ্ঠকে জানিয়েছেন, মাননীয় প্রধানমন্ত্রী ফল প্রকাশের জন্য ৮ আগস্টের কথা আমার কাছে বলেছিলেন। সে অনুসারে মন্ত্রণালয়ের পক্ষ থেকে ৮ অথবা ৯ এর যে কোন দিন ফল প্রকাশের জন্য প্রধানমন্ত্রীর কাছে লিখিতভাবে সময় চাওয়া হয়েছে। তবে পরে দেখা গেছে, ৮ আগস্ট শনিবার প্রধানমন্ত্রীর উপর একটি পূর্বনির্ধারিত কর্মসূচী আছে। সেক্ষেত্রে পরদিন ৯ আগস্টই ফল প্রকাশ হচ্ছে? এ প্রশ্নে শিক্ষামন্ত্রী বলেন, মনে হচ্ছে তাই হচ্ছে। যদিও ফল প্রকাশের তারিখ এখনও নির্দিষ্ট করা হয়নি। তবে ওই দুই দিনের যে কোন একদিন যে ফল প্রকাশ হচ্ছে সেটা নিশ্চিত। এদিকে ৮ অথবা ৯ আগস্টের যে কোন একদিন ফল প্রকাশের জন্য নিজেদের প্রস্তুতির কথা মন্ত্রণালয়কে জানিয়েছে শিক্ষা বোর্ডগুলো। আন্তঃশিক্ষা বোর্ড সময়সাব-কমিটি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বকর সিদ্দিক জানিয়েছেন, আমরা শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব দিয়েছি। এখন প্রধানমন্ত্রীর অনুমোদনসাপেক্ষে ফল প্রকাশ করা হবে।